রাসূলুল্লাহ্ সাল্লাললাহু ‘আলাইহি ওয়াসাল্লামের মুয়াযযিন (তাঁর জন্য) প্রতীক্ষা করতে থাকতেন ও ইক্বামাত দিতেন না। যখন তিনি রাসূলুল্লাহ্ সাল্লাললাহু ‘আলাইহি ওয়াসাল্লামকে বেরিয়ে আসতে দেখতেন তখনই সালাতের জন্য ইক্বামাত দিতেন।

জাবির ইবন সামুরা রাদিয়াল্লাহু ‘আনহু থেকে বর্ণিত, তিনি বলেন, “রাসূলুল্লাহ্ সাল্লাললাহু ‘আলাইহি ওয়াসাল্লামের মুয়াযযিন (তাঁর জন্য) অপেক্ষা করতেন— ইক্বামাত দিতেন না। যখন তিনি রাসূলুল্লাহ্ সাল্লাললাহু ‘আলাইহি ওয়াসাল্লামকে বেরিয়ে আসতে দেখতেন তখন সালাতের ইক্বামাত দিতেন।” [সহীহ] [এটি মুসলিম বর্ণনা করেছেন।]

এ হাদীসে বর্ণিত, ইক্বামতের সময় নির্ধারণ করা একমাত্র ইমামেরই অধিকার। কেননা মুয়াযযিন রাসূলুল্লাহ্ সাল্লাললাহু ‘আলাইহি ওয়াসাল্লাম বের না হওয়া পর্যন্ত ইক্বামত দিতেন না।

https://sunnah.global/hadeeth/bn/show/10632